# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮১

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة ـ الفصل الثاني

আরবী

وَعَن أَنَس بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ: لَا تُشَدِّدُوا عَلَى أَنْفُسِكُمْ فَيُشَدِّدَ اللَّهُ عَلَيْكُمْ فَإِنَّ قَوْمًا شَدَّدُوا عَلَى أَنْفُسِهِمْ فَشَدَّدَ اللَّهُ عَلَيْهِمْ فَتِلْكَ بَقَايَاهُمْ فِي الصَّوَامِعِ والديار (رَهْبَانِيَّة ابتدعوها مَا كتبناها عَلَيْهِم)
رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

১৮১-[৪২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ তোমরা নিজেদের নাফসের (আত্মার) উপর ইচ্ছা করে কঠোরতা করো না। কেননা পরবর্তীতে আল্লাহ না আবার তোমাদের ওপর কঠোরতা চাপিয়ে দেন। পূর্বেও একটি জাতি (বনী ইসরাঈল) নিজেদের ওপর কঠোরতা অবলম্বন করেছিল। তাই আল্লাহ তা’আলাও তাদের ওপর কঠোর বিধান চাপিয়ে দিলেন। গির্জায় ও ধর্মশালায় যে লোকগুলো আছে, এরা তাদেরই উত্তরাধিকারী। (কুরআনে উল্লেখ আছে) ’’তারা নিজেরাই নিজেদের জন্য ’রহবানিয়্যাত’ বা বৈরাগ্যবাদ-কে আবিষ্কার করেছিল। আমি তাদের ওপর নির্ধারণ করিনি’’- (সূরাহ্ আল হাদীদ ৫৭: ২৭)। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৪৯০৪, সিলসিলাহ্ আয্ য‘ঈফাহ্ ৩৪৬৮। কারণ এর সানাদে ‘‘সা‘ঈদ ইবনু ‘আবদুর রহমান ইবনু আবুল ‘আম্‌ইয়া’’ নামক একজন রাবী রয়েছেন যাকে ইবনু হিব্বান ব্যতীত কেউই বিশ্বস্ত বলেননি। আর হাফিয ইবনু হাজার তাকে হাদীসে শিথিল বলে আখ্যায়িত করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন কঠিন ‘আমল দ্বারা তোমাদের নিজেদের ওপর কঠিনতা এনো না। যেমনঃ সারা বছর লাগাতার সওম পালন করা, পূর্ণ রাত জাগরণ করা বা বিবাহ-শাদী না করা। আর যদি তা কর তাহলে আল্লাহ তা‘আলা ঐ সব কিছুকে তোমাদের ওপর ফরয করে দিবেন ফলে তোমরা কঠিনতায় পড়ে যাবে। অথবা কঠিন জিনিসকে নিজেদের ওপর চাপিয়ে নেয়ার কারণে দুর্বল হয়ে যাবে। অর্থাৎ- তোমরা সেগুলোকে আদায় করতে সক্ষম হবে না। হাদীসের অর্থ এটাও হতে পারে যে, তোমরা ‘ইবাদাতগুলোকে মানৎ অথবা কসমের মাধ্যমে নিজেদের ওপর কঠিন করে নিও না, তা করলে আল্লাহ তোমাদের ওপর সেগুলোকে আবশ্যকীয় করে দিবেন। ফলে তোমরা যথারীতি পালন করতে পারবে না, বরং বর্জন করবে আর আল্লাহর শাস্তিতে নিপতিত হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54740

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন